



27

১৮৬ জন প্রার্থী

প্রতিদ্বন্দ্বিতা করছেন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

মনোনয়নপত্র প্রত্যাহারের পর ডাকসু'র ২০টি পদের জন্য প্রার্থীদের সংখ্যা দাঁড়িয়েছে ১৮৬ তে। বাছাই শেষ না হওয়ায় ১৩টি হল সংসদের ১৫৬টি পদের জন্য প্রার্থীদের মোট সংখ্যা এখনো নিরূপিত হয়নি। নির্বাচনে সকল ভোট প্রার্থীর চূড়ান্ত তালিকা আজ প্রকাশিত হতে পারে।

অন্যদিকে ছাত্র সংগ্রাম পরিষদ ডাকসু'তে তাদের একক প্যানেল চূড়ান্ত করার পর হল (শেষ পৃষ্ঠা ৩-এর ক: দ্র:)

ডাকসু (১ম পাতার পর) সংসদগুলোর প্যানেলও চূড়ান্ত করে এনেছে বলে জানা গেছে। গত রাতের মধ্যে বাকী কাজ শেষ করে আজ পরিষদের সকল প্যানেল ঘোষণা করার কথা।

ডাকসু'র সহ-সভাপতি পদে মনোনয়নপত্র পেশকারীদের মধ্যে ৪জন তা প্রত্যাহার করার পর এই পদে বাকী ১৪ জন প্রার্থী হচ্ছেন: মুলতান মোহাম্মদ মুনসুর আহমদ, শামসুজ্জামান মদু, শামসুল ইসলাম, কামাল উদ্দিন, আশরাফুল হক মুকুল, খন্দকার মুহলেহ উদ্দিন আহমদ, আবুবকর সিদ্দিক, জালাল আহমেদ বীন, মিজানুর রহমান মিয়া, আবুল কাসেম আবু, ফয়জুল হাকিম, শাহ-ই-আজম, ওবায়দ-উল্লাহ চৌধুরী ও শাজাহান সিরাজ।

সাধারণ সম্পাদক পদপ্রার্থী ৭ জন মনোনয়নপত্র প্রত্যাহারের পর এই পদে ১৫ জন প্রার্থী রয়ে গেছেন। তারা হচ্ছেন মশতাক হোসেন, আশাদুজ্জামান রিপন, আমিনুল ইসলাম মুকুল, আবুল বাশার লস্কর, আবুল কাসেম গৌলাম মো: মইনউদ্দিন, নুরুদ্দিন আহমদ, আজম খান মজলিশ, আজহারুল ইসলাম, আ: হামিদ সরকার, গৌলাম ফারুক, মোশারফ হোসেন, শেখ আনসার আলী গাজী মোশাররফ হোসেন ও মইনুল ইসলাম।

অন্যান্য পদে প্রার্থীদের সংখ্যা হচ্ছে সহ-সাধারণ সম্পাদক পদে ১১জন, ছাত্রী মিলনায়তন, বিজ্ঞান মিলনায়তন, ক্রীড়া সম্পাদক পদে ১০ জন করে, সমাজ-কল্যাণ ও পরিবহন সম্পাদক পদে ১২ জন করে সাহিত্য ও সামাজিক আপায়ন সম্পাদক (সাংস্কৃতিক সম্পাদক) পদে ১৩ জন করে, ছাত্রী মিলনায়তন সম্পাদিকা পদে ৬জন এবং ৯টি সদস্য পদে ৬০ জন।

মনোনয়নপত্র প্রত্যাহারের পর হল সংসদগুলোর প্রার্থীদের চূড়ান্ত তালিকা তৈরীর কাজ রাতে এ রিপোর্ট লেখা পর্যন্ত চলছিল। কেউ কেউ নিয়ম বহিতভাবে একই সাথে ডাকসু ও হল সংসদ নির্বাচনে প্রার্থী হওয়ায় সেগুলো চিহ্নিত করে চূড়ান্ত তালিকা তৈরীতে সময় লাগছে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। ডাকসু'তে জাতীয়তাবাদী ছাত্রদলের প্যানেলে সাহিত্য সম্পাদক পদ থেকে ফজলুল হক মিলন মনোনয়নপত্র প্রত্যাহার করে নেয়ায় এ পদে শফিকুল ইসলাম শাহেদ ছাত্রদের প্রার্থী হয়েছেন বলে জানানো হয়েছে।

ছাত্রলীগ (আ-মো)সহ ৫ সংগঠনের জোটের 'রাজা-রানা' পরিষদ ডাকসু থেকে ইতিমধ্যে প্যানেল প্রত্যাহার করে নিলেও এই পরিষদ কয়েকটি হল এককভাবে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত নিয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

তারিখ 3.1 JAN. 1989  
পৃষ্ঠা ২  
কলাম ...

রাতের বহু বন্ধু মজিব হলে ছাত্র লীগের (ম-না) কিছু উচ্চাঙ্গ কর্মী ছাত্র ইউনিয়নের একজন নেতার কক্ষে চড়াও হয়ে কক্ষ তছনছ এবং তাকে অপদস্থ করার ঘটনার পরিপ্রেক্ষিতে এবং হল প্যানেল-গুলো চূড়ান্ত না হওয়ায় গতকাল আই ত ছাত্র সংগ্রাম পরিষদের সাংবাদিক সম্মেলন বাতিল করা হয়। পরে ছাত্র সংগ্রাম পরিষদের সভায় ওই অপ্রীতিকর ঘটনাটির মীমাংসা করা হয়েছে বলে জানা গেছে।

126